# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১
**Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd**

নং-বামাশিবো/প্রশা/২৩৩২৫১১৫৪৫৮১/চুয়াডাঙ্গা-০৯/২৭৯ তারিখ: ১৬ অগ্রহায়ণ ১৪৩২ / ০১ ডিসেম্বর ২০২৫

**বিষয়: অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে চুয়াডাঙ্গা জেলার জীবননগর উপজেলাধীন নিখিকুন্ডু বাড়ান্দী দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটির গঠনে অনিয়ম সংক্রান্ত বিষয়ে জনাব মোঃ মতিউর রহমান খান অভিযোগ দাখিল করেছেন (কপি সংযুক্ত)।

এমতাবস্থায় অভিযোগ সংক্রান্ত সার্বিক বিষয়ে নির্বাচনে দায়িত্বপ্রাপ্ত প্রিজাইডিং অফিসার ব্যতিরেকে সরেজমিনে তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ০১ (এক) পাতা।

১.১২.২৫

প্রফেসর ছালেহ আহমাদ
রেজিস্ট্রার
ফোন: ৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার
জীবননগর, চুয়াডাঙ্গা।

নং-বামাশিবো/প্রশা/২৩৩২৫১১৫৪৫৮১/চুয়াডাঙ্গা-০৯/ তারিখ: ১৬ অগ্রহায়ণ ১৪৩২ / ০১ ডিসেম্বর ২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা;
২. জেলা শিক্ষা অফিসার, চুয়াডাঙ্গা;
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, জীবননগর, চুয়াডাঙ্গা;
৪. সুপার/ভারপ্রাপ্ত সুপার, নিখিকুন্ডু বাড়ান্দী দাখিল মাদ্রাসা, ডাকঘর-রায়পুর, থানা-জীবননগর, চুয়াডাঙ্গা;
৫. জনাব মোঃ মতিউর রহমান খান(অভিযোগকারী), সাং-রায়পুর বাজার পাড়া, ডাকঘর: রায়পুর, জীবননগর, চুয়াডাঙ্গা;
৬. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৭. আইন সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি।

০১.১২.২৫

মোঃ আব্দুর রশিদ
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd

তারিখঃ ২৩/১০/২০২৫ খ্রিঃ

বরাবর
রেজিষ্ট্রারার মহোদয়
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
২, অরফানেজ রোড, বকশীবাজার, ঢাকা-১২১১

বিষয়ঃ চুয়াডাঙ্গা জেলার জীবননগর উপজেলার অন্তর্গত নিধিকুন্ডু বাড়ান্দি দাখিল মাদ্রাসা'র ম্যানেজিং কমিটি গঠনে অসঙ্গতি প্রসঙ্গে।

মহোদয়,

সবিনয় বিনীত নিবেদন এই যে, রায়পুর ইউনিয়নের আওতাধীন নিধিকুন্ডু ও বাড়ান্দি নামীয় দুইটি গ্রামের নামে উক্ত মাদ্রাসার নামকরন হয়। এলাকাবাসীর খুব আকাঙ্খিত উক্ত মাদ্রাসাটির ম্যানেজিং কমিটি গঠনে অসঙ্গতি পরিলক্ষিত ও প্রমানিত হয়েছে। গত ৩০ শে সেপ্টেম্বর তফসীল অনুযায়ী মনোয়ন ফরম গ্রহন ও জমাদান সম্পন্ন হয় যেখানে ১০ জন ১০ টি পদে মনোয়ন ফরম গ্রহন করেন তন্মধ্যে ০৩ জন প্রার্থী তাদের অনুপস্থিতিতে অন্যরা স্বাক্ষর জাল করে ফরম জমাদান সম্পন্ন করে যা প্রিজাইডিং অফিসার কে দৃষ্টিগোচর করানো হলে তিনি তোয়াক্কা না করে কমিটি গঠনের দিকে আগাতে থাকে। এমতাবস্থায় একই তারিখে এলাকাবাসী সংক্ষুব্ধ হয়ে উপজেলা নির্বাহী অফিসার বরাবর লিখিত অভিযোগ আনলে স্থানীয় সাংবাদিকবৃন্দ অভিযোগের সত্যতা পেলে উপজেলা নির্বাহী অফিসারের নির্দেশনায় প্রিজাইডিং অফিসার উক্ত তিনজনকে বাছাইতে বাদ দেন এবং বাছাইয়ের তারিখে একজন শিক্ষক প্রতিনিধি তার প্রার্থীতা প্রত্যাহার করেন ততপরবর্তী প্রিজাইডিং অফিসার চূড়ান্ত প্রার্থীর তালিকা প্রকাশ করেন।

- ম্যানেজিং কমিটি গঠনের নীতিমালায় তৃতীয় অধ্যায়ে ১০ নং অনুচ্ছেদের ৩ নং এ স্পষ্ট উল্লেখ রয়েছে, "ম্যানেজিং কমিটির মোট পদের নূন্যতম শতকরা ৮০ (আশি)ভাগ পদে নির্বাচন সম্পন্ন হইলে ম্যানেজিং কমিটি গঠন হইয়াছে বলিয়া গন্য হইবে"।

কিন্তু ১০ জন প্রার্থী ১০ টি পদে মনোয়ন ফরম গ্রহন ও জমাদান সম্পন্ন করলেও মাত্র ৬ জন প্রার্থীর নাম বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা বরাবর প্রেরণ করা হয়েছে যা মোট পদের শতকরা ৬০ (ষাট) ভাগ যা ম্যানেজিং কমিটি গঠনের নীতিমালায় তৃতীয় অধ্যায়ে ১০ নং অনুচ্ছেদের ৩ নং এর পরিপন্থী। তারপরও প্রিজাইডিং অফিসার নীতিমালাকে তোয়াক্কা না করে তার অবৈধ পন্থায় চালিত হয়েছেন।

- ম্যানেজিং কমিটি গঠনের নীতিমালায় তৃতীয় অধ্যায়ে ১০ নং অনুচ্ছেদের ৪ নং এ স্পষ্ট উল্লেখ রয়েছে, "কোন ক্যাটাগরির সদস্যপদে কোন প্রার্থী পাওয়া না গেলে প্রিজাইডিং অফিসার উক্ত পদ শূন্য দেখাবেন"।

কিন্তু প্রতিষ্ঠাতা সদস্য ও দাতা সদস্য মনোনয়ন গ্রহন করলেও প্রিজাইডিং অফিসার উক্ত দুই পদে কোন প্রার্থী পায় নাই মর্মে উল্লেখ করেছেন যা নীতিমালার প্রতি চরম ধৃষ্ঠতা দেখানো হয়েছে। উল্লেখ্য যে প্রতিষ্ঠাতা সদস্য ও দাতা সদস্য তাদের স্বাক্ষর জালের কারনে প্রার্থীতা বাতিল হয়েছে।

এমতাবস্থায় মহোদয়ের সমীপে বিনীত প্রার্থনা এলাকাবাসীর উক্ত সমুদয় অভিযোগ তদন্ত সাপেক্ষে সঠিক ব্যবস্থা নিতে আপনার সদয় মর্জি হয়।

বিনীত নিবেদক

মতিয়ার

মোঃ মতিয়ার রহমান (মতি)
(উক্ত এলাকাবাসীর পক্ষে)
মোবাইলঃ ০১৭৫৭ ৯৫৪০৯৭